গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২০.০১.২০২৬ খ্রি.

## ২০২৫ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট হতে ২০২৫ সালের ডিগ্রী (পাস) বি.এ/ বি.এস.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ও কলেজে জমা দেয়ার সময়সীমা ঃ

ক) আগ্রহী প্রার্থীদেরকে ২৫.০১.২০২৬ হতে ১৯.০২.২০২৬ তারিখের মধ্যে www.admissions.nu.edu.bd অথবা www. nu.ac.bd/admissions. ওয়েবসাইট থেকে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশনের মাধ্যমে প্রার্থীগণ প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ ডাউনলোড করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারী প্রার্থীরাও একই অপশন থেকে আবেদন করতে পারবে।

খ) ২৫.০১.২০২৫ তারিখ হতে ১৯.০২.২০২৬ ফি বাবদ (প্রাথমিক আবেদন ফি-৪০০, রেজিস্ট্রেশন ফি ৭২০, ব্যবস্থাপনা ফি-৫০, ইনকোর্স ফি-৩০০)=১,৪৭০/- (এক হাজার চারশত সত্তর টাকা)"ই-শিক্ষা" এর মাধ্যমে জমা দিতে হবে।

### ই-শিক্ষা এর মাধ্যমে টাকা প্রদানের প্রক্রিয়া:

- *মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ভর্তির টাকা জমাদানের ওয়েবসাইট* **http://mccollege.eshiksaems.com**
- **User Name: mcstudent ও Password: mcstudent**
- **Apply for Application Form-**এ ক্লিক করতে হবে
- **Admission Degree Private** এ ক্লিক করতে করে **NU Application ID, Student Name, Mobile Number** দিয়ে **Submit** করে ১,৪৭০/- পেমেন্ট করতে হবে।

গ) সংশ্লিষ্ট কাগজপত্র, পূরণকৃত অনলাইনের আবেদন ফরম ও "ই-শিক্ষা" এ প্রদত্ত ফি জমাদানের কলেজকপিসহ আগামী ২৫.০১.২০২৬ হতে ১৯.০২.২০২৬ তারিখ (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.৩০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত কলেজের প্রশাসনিক ভবনের অফিস সহকারী জনাব বাদল দেবনাথ এর নিকট জমা দিতে হবে।

২. স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে ২০২৩ সাল বা তৎপূর্বে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০২৫ সালের স্নাকত (পাস) প্রাইভেট কোর্সে *সালের ডিগ্রী (পাস) (বি.এ/ বি.এস.এস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।* এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি সমমান কোর্স সমূহ থেকে এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স, এইস.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালের এ কোর্সে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে।

***গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।***

বি.দ্রঃ একই অথবা ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩. প্রাইভেট সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যেকোন স্নাতক ডিগ্রী ধারী যে কোন ছাত্র/ছাত্রী যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। বিষয় সমূহ ঃ দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।

*খ)* বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

গ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সঙ্গে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

*৪.* পাঠ্যক্রম ও পাঠ্যসূচী ঃ

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

*৫.* নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে ঃ

ক. মাধ্যমিক/ সমমান এবং উচ্চমাধ্যমিক/ সমমান পরীক্ষা পাসের নম্বরপত্রের ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি ০১ সেট।

*খ.* সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

গ. সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

৬. রেজিস্ট্রেশন/ পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুল-ত্রুটি ধরা পড়ে অথবা রেজিস্ট্রেশন/ পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৭. বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

৮. ***ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন কাগজপত্রাদি গ্রহণ করা হবে না। আদালতে বিচারাধীন/ দন্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলী পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।***

***রেজিস্ট্রেশন সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট* nu.ac.bd/admissions *হতে জানা যাবে।***

প্রতিস্বাক্ষর

[signature] 20.01.26

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুরারিচাঁদ কলেজ, সিলেট

[signature] 20.01.26

আহবায়ক

২০২৫ সালের ডিগ্রী পাস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন কমিটি

মুরারিচাঁদ কলেজ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২০.০১.২০২৬ খ্রি.

## ২০২৫ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য বিষয়গুচ্ছ সমূহঃ

| কোর্স | বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|
| বি.এ (পাস) | আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস<br>নিম্নের যে কোন গুচ্ছ থেকে একটি করে মোট ৩টি বিষয় নিতে হবে।<br>(কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না)<br>ক) ইতিহাস-১৫০৩, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৬০১<br>খ) দর্শন-১৭০১<br>গ) রাষ্ট্রবিজ্ঞান-১৯০১, সমাজবিজ্ঞান-২০০১, অর্থনীতি-২২০১<br>ঘ) গণিত-৩৭০১, ইসলামী শিক্ষা-১৮০১, মনোবিজ্ঞান-৩৪০১ |
| বি.এস.এস (পাস) | আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস<br>'ক' গুচ্ছ থেকে ২টি এবং 'খ' গুচ্ছের যে কোন ১ টি বিষয়সহ মোট ৩টি বিষয় নিতে হবে।<br>ক) রাষ্ট্রবিজ্ঞান-১৯০১, সমাজবিজ্ঞান-২০০১, অর্থনীতি-২২০১<br>খ) ইতিহাস-১৫০৩, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৬০১, দর্শন-১৭০১, ইসলামী শিক্ষা-১৮০১<br>মনোবিজ্ঞান-৩৪০১, গণিত-৩৭০১ |

20.01.26
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মুরারিচাঁদ কলেজ, সিলেট